



বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন

BANGLADESH HANDBALL FEDERATION

তারিখ : ২১ ফেব্রুয়ারী ২০২০, শুক্রবার।

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় হ্যান্ডবল দলের কৃতি গোলরক্ষক সোহানুর রহমান সোহান আজ মর্মান্তিক সড়ক দুর্ঘটনার পর দুপুর ২:৩০টায় মৃত্যু বরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ২১ বছর।

শুক্রবার সকালে কুষ্টিয়ার হোসেনাবাদ এলাকায় মোটর সাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হয় সোহান। তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেয়ার পথে তিনি মারা যান।

উল্লেখ্য, সোহান বাংলাদেশ জাতীয় হ্যান্ডবল দলের হয়ে গত ডিসেম্বরে নেপালে অনুষ্ঠিত ১৩তম সাউথ এশিয়ান গেমসে অংশ নিয়েছিলেন। পাশাপাশি তিনি জাতীয় যুব হ্যান্ডবল দলেরও সদস্য ছিলেন।

সোহানের মৃত্যুতে বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশনের সভাপতি এ কে এম নুরুল ফজল বুলবুলসহ, কর্মকর্তা, খেলোয়াড়, রেফারি ও প্রশিক্ষকগণ বিবৃতিতে তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

(আসাদুজ্জামান কোহিনুর)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন